# নাজাত প্রাপ্ত দলের আকীদাহ

বিভাগ/অধ্যায়ঃ প্রশ্ন এবং তাঁর উত্তরসমুহ

রচয়িতা/সঙ্কলকঃ হাফেয বিন আহমাদ আল-হাকামী (রহঃ)

---

প্রশ্নঃ (৭৪) ফেরেশতাদের প্রতি ঈমান আনয়ন করা আবশ্যক- এই মর্মে কুরআন ও হাদীছ থেকে দলীল দিন

উত্তরঃ ফেরেশতাদের প্রতি ঈমান আনয়ন করা আবশ্যক- এ মর্মে কুরআন ও হাদীছে অসংখ্য দলীল বিদ্যমান। আমরা এখানে কয়েকটি দলীল বর্ণনা করব। আল্লাহ্ তা'আলা বলেনঃ

وَالْمَلَائِكَةُ يُسَبِّحُونَ بِحَمْدِ رَبِّهِمْ وَيَسْتَغْفِرُونَ لِمَنْ فِي الْأَرْضِ)

"ফেরেশতারা তাদের প্রতিপালকের প্রশংসাসহ পবিত্রতা বর্ণনা করে এবং জগৎবাসীদের জন্য ক্ষমা প্রার্থনা করেন"। সূরা শুরাঃ ৫) আল্লাহ তা'আলা বলেনঃ

إِنَّ الَّذِينَ عِنْدَ رَبِّكَ لاَ يَسْتَكْبِرُونَ عَنْ عِبَادَتِهِ وَيُسَبِّحُونَهُ وَلَهُ يَسْجُدُونَ

"যারা তোমার প্রভুর সান্নিধ্যে রয়েছে তারা তাঁর এবাদত করতে অহংকার করেনা এবং স্মরণ করেন তারা তাঁরই গুণাগুণ ও মহিমা প্রকাশ করে এবং তারা তাঁকেই সিজদা করে"। (সূরা আ'রাফঃ ২০৬) আল্লাহ তা'আলা বলেনঃ

مَنْ كَانَ عَدُوًّا لِلَّهِ وَمَلَائِكَتِهِ وَرُسُلِهِ وَجِبْرِيلَ وَمِيكَالَ فَإِنَّ اللَّهَ عَدُوٌّ لِلْكَافِرِينَ

"যে ব্যক্তি আল্লাহ, তাঁর ফেরেশতাগণের, তাঁর রাসূলগণের, জিবরীলের এবং মিকাঈলের শত্রু হয়, নিশ্চয়ই আল্লাহ সেসব কাফেরের শত্রু"। (সূরা বাকারাঃ ৯৮)

ফেরেশতাদের প্রতি ঈমান আনয়নের ব্যাপারে হাদীছে জিবরীল অন্যতম। যা ইতিপূর্বে উল্লেখিত হয়েছে। জিবরীল (আঃ) নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম কে বললেনঃ আমাকে ঈমান সম্পর্কে কিছু বলুন। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তখন বললেনঃ

(أَنْ تُؤْمِنَ بِاللَّهِ وَمَلَائِكَتِهِ وَكُتُبِهِ وَرُسُلِهِ وَالْيَوْمِ الْآخِرِ وَتُؤْمِنَ بِالْقَدَرِ خَيْرِهِ وَشَرِّهِ)

"তুমি দৃঢ়ভাবে বিশ্বাস করবে (১) আল্লাহ পাকের উপর (২) তাঁর ফেরেস্তাদের উপর (৩) তাঁর কিতাবসমূহের উপর (৪) তাঁর রাসূলদের উপর (৫) আখিরাত বা শেষ দিবসের উপর এবং (৬) তাকদীরের ভাল-মন্দের উপর"।[1] রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম আরো বলেনঃ

(إِنَّ اللَّهَ تَعَالَى خَلَقَهُمْ مِنْ نُورٍ)

"ফেরেশতাদেরকে আল্লাহ্ তাআলা নূর দ্বারা সৃষ্টি করেছেন"।[2] ফেরেশতাদের ব্যাপারে আরো অনেক হাদীছ বর্ণিত হয়েছে।

## ফুটনোট

[1] - মুসলিম, অধ্যায়ঃ কিতাবুল ঈমান।

[2] - মুসলিম, অধ্যায়ঃ কিতাবুয্ যুহদ। এটি একটি হাদীছের অংশ বিশেষ। হাদীছের বিস্তারিত বিবরণ এইযেঃ

خُلِقَتْ الْمَلَائِكَةُ مِنْ نُورٍ وَخُلِقَ الْجَانُّ مِنْ مَارِجٍ مِنْ نَارٍ وَخُلِقَ آدَمُ مِمَّا وُصِفَ لَكُمْ

ফেরেশতাদেরকে সৃষ্টি করা হয়েছে নূর থেকে। জিনদেরকে সৃষ্টি করা হয়েছে ধোঁয়া বিহীন অগ্নি থেকে। আর আদমকে সৃষ্টি করা হয়েছে ঐ বস্তু থেকে যার বিবরণ তোমাদের কাছে পেশ করা হয়েছে।

Source — https://www.hadithbd.com/books/link/?id=11888

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন